জাতিসংঘ সাপ্তাহিক সংবাদ সংক্ষেপ

সংখ্যা - ডিসেম্বর ২০০৮/০২

জাতিসংঘ তথ্য কেন্দ্র,ঢাকা

সংবাদ শিরোনাম ঃ

* ২৭ ডিসেম্বর- শান্তিপূর্ণভাবে বাংলাদেশে সংসদীয় নির্বাচন পরিচালনায় জাতিসংঘ মহাসচিবের আহ্বান
* ২৬ ডিসেম্বর-শীঘ্রই বেনজির ভুট্টো হত্যার একটি স্বাধীন তদন্ত কমিটি গঠিত হবে- জাতিসংঘ মহাসচিব
* ২৪ ডিসেম্বর- জাতিসংঘ পৃষ্টোপোষকতায় প্রথমবারের মতো বাংলাদেশে কম্পিউটার লিপিবদ্ধ ভোটার তালিকা সম্পন্ন হয়েছে
* ২৩ ডিসেম্বর- ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জাতিসংঘ দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞদের প্রয়োজন

শান্তিপুর্ণভাবে বাংলাদেশে সংসদীয় নির্বাচন পরিচালনায় জাতিসংঘ মহাসচিবের আহ্বান

২৭ ডিসেম্বর- বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপুর্ণ সংসদীয় নির্বাচনের প্রক্কালে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন দক্ষিণ এশিয় এই দেশটিতে একটি শান্তিপূর্ণ নির্বাচন প্রক্রিয়া গ্রহণের আহ্বাণ জানিয়েছেন। রাজনৈতিক সহিংসতা ও মেরুকরণের কারণে সম্প্রতিক সময়ে তার ব্যঘাত ঘটে।

আগামী ২৯ ডিসেম্বর অনুষ্ঠিতব্য নির্বাচণ সম্পর্কে তার মুখপাত্র কর্তক ইস্যুকৃত এক বক্তব্যে মহাসচিব বলেন, “তিনি সকল রাজনৈতিক দলকে দায়িত্বশীলতা প্রদর্শন অব্যাহত রাখা, সম্পুর্ণ অংশগ্রহণ এবং বাংলাদেশের জনগণের ইচ্ছাকে শ্রদ্ধা করার আহ্বাণ জানান।”

মহাসচিব আশা করেন, ‘ একটি দেশে কার্যকরি ও টেকসই গণতান্ত্রিক উত্তরণের জন্য নির্বাচন পরবতী স্থিতিশীল পরিস্থিতি খুবই গুরুত্বপুর্ণ।

তিনি সকল রাজনৈতিক দলকে নির্বাচনের ফলাফল যাই হোক না কেন তা মেনে নিয়ে নিরপেক্ষ থাকার, সংলাপ এবং সমঝোতার মাধ্যমে দেশের সমস্যা সমাধানে কাজ করার আহ্বাণ জানান। এই বক্তব্যে আরো উলে-খ করা হয় এধরনের সহয়োগিতা সংসদে বিরোধী দলের অবস্থানকেও সমৃদ্ধ করবে।

গত মাসে জনাব বান আফগানিস্তানে মহাসচিবের সাবেক একান্ত প্রতিনিধি ফ্রান্সিস ভেন্ড্রেলের নেতৃত্বে শেষ পর্যায়ের নির্বাচনের প্রস্তুতি এবং নির্বাচন পরবতী পরস্থিতি মুল্যায়ন ও প্রতিবেদন পেশ করার জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছেন।

নেপালের প্রধান নির্বাচন কমিশনার ভোজরাজ এবং জাতিসংঘ নির্বাচনী সহযোগিতা বিভাগের উপ-পরিচালক অ্যারাসেলি সানতানাসহ তিন সদস্য বিশিষ্ট দলটি গত নভেম্বর মাসের পর বাংলাদেশ সফর করেছেন।

এই দলটি মহাসচিবকে নির্বাচণ পরিচালনা পদ্ধতি এবং নির্বাচন পরবতী সম্ভাব্য পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদন পেশ করবেন।

শীঘ্রই বেনজির ভুট্টো হত্যার তদন্তে একটি স্বাধীন কমিশন গঠিত হবে- জাতিসংঘ মহাসচিব

২৬ ডিসেম্বর- আজ জাতিসংঘ মহাসচিব বান কি-মুন বলেন, শীঘ্রই পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টো হত্যার সার্বিক পরিস্থিতি তদন্তে একটি স্বাধীন কমিশন গঠিত হবে বলে তিনি আশা করেন। উলে-খ্য বেনজির ভুট্টো গত বছর হত্যাকান্ডের শিকার হন।

তার মুখপাত্র কর্তৃক ইস্যুকৃত এক বক্তব্যে জনাব বান বলেন, তাঁর দফতর থেকে পাকিস্তানী সরকারের সঙ্গে এই কমিশন প্রকৃতি ও সুযোগ সম্পর্কে আলোচনা করা হয়েছে। দক্ষিণ এশিয়ার এই দেশটি মহাসচিবকে এই হত্যাকান্ডের সঙ্গে জড়িতদের চিহ্নিতকরণ এবং বিচারের সম্মুখিন করানোর অনুরোধ করেছিল।

তাঁর শোকাবহ মত্যুবার্ষিকীতে মহাসচিব পাকিস্তানের সরকার এবং জনগণের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন এবং তাদের আশস্ত করেন যে এই কমিশন সত্যের সন্ধানে কাজ করবে এবং ন্যায়বিচার করবে বলে এই বক্তব্যে উলে-খ করা হয়। এখানে উলে-খ্য যে জাতিসংঘ সদর সফতর থেকে এই কমিশনের ব্যাপারে নিরাপত্তা পরিষদের সঙ্গে পরামর্শ করা হয়েছে।

জাতিসংঘ মহাসচিব আশাবাদী যে আলোচনার অগ্রগতির মাধ্যমে শীঘ্রই এই কমিশন প্রতিষ্ঠা করা সম্ভব হবে এবং এ আলোচনা শেষ হয়েছে।

জুলাই মাসে জনাব বান পাকিস্তানের পররাষ্টমন্ত্রী মাখদুম শাহ মাহমুদ কোরাইশির সঙ্গে আলোচনা করেছেন এবং একটি সমঝোতা বোর্ড কমিশনের প্রকৃতি, তহবিলের মোডালিটি, বিন্যাস, সবধরনের আনুসাঙ্গিক তথ্যের বাধাহীণ প্রাপ্তি এবং এর উদ্দেশ্য, গুরুত্ব ও স্বাধীনতার সব উপাদানের সুরক্ষা সম্পর্কে সিদ্ধান্তে উপনিত হয়েছে।

তবে জনাব বান নির্দেশ করেন যে পরবর্তীতে পাকিস্তান এবং জাতিসংঘের ভেতরে অন্যদের সঙ্গে পরামর্শের মাধ্যমে অন্যান্য মোডালিটিগুলো এবং বিভিন্ন সুযোগ এবং ম্যান্ডেটসহ কমিশনের গঠনকাঠোমো পরীক্ষা করে দেখা হবে।

জাতিসংঘ পৃষ্টপোষকতায় প্রথমবারের মতো বাংলাদেশে কম্পিউটার লিপিবদ্ধ ভোটার তালিকা সম্পন্ন হয়েছে

২৪ ডিসেম্বর- দীর্ঘ সাত বছর পর বাংলাদেশে আগামী ২৯ ডিসেম্বর সংসদীয় নির্বাচন হতে যাচ্ছে। দক্ষিণ এশিয়ার এই দেশটিতে জাতিসংঘের সহায়তায় ১১ মাস সময়ে ৮০ মিলিয়নেরও বেশি লোকের অন্তর্ভুকিতে প্রথমবারের মতো কম্পিউটার প্রনীত ছবিযুক্ত ভোটার তালিকা তৈরি করা হয়েছে।

ওয়াশিংটন ভিত্তিক একটি স্বাধীন অডিট সংস্থা আন্তর্জাতিক নির্বাচন ব্যবস্থার ফেডারেশন (IFES) এটা নিশ্চিত করেছে যে তালিকাটি সর্বোচ্চ নির্ভুল করা হয়েছে। আজ জাতিসংঘ উন্নয়ন কর্মসুচি জানায় কোন ভুয়া ভোটার পাওয়া যায়নি।

জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী রেনেটা ডেসালিয়েন বলেন, ‘ আসন্ন নির্বাচন বাংলাদেশে গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠায় ঐতিহাসিক সুযোগ সৃষ্টি করবে। আমরা খুবই আনন্দিত যে ভোটার তালিকা একটি স্বাধীন নিরীক্ষক দলের দ্বারা নিরীক্ষা করানো হয়েছে কেননা একটি সুষ্টু ও নিরপেক্ষ নির্বাচন অনুস্টানের জন্য একটি বিশ্বাসযোগ্য ভোটার তালিকা খুবই জরুরী।’

বাংলাদেশ সেনাবাহিনীর সহায়তায় এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি, ইউরোপিয়ান কমিশন, কোরিয় রিপাবলিক, নেদারল্যান্ডস্, নরওয়ে, সুইডেন, সুইজারল্যান্ড এবং যুক্তরাজ্যের অর্থায়নে বাংলাদেশ নির্বাচন কমিশন এই নতুন ভোটার তালিকাটি প্রণয়ন করেছে।

জাতিসংঘ উন্নয়ন কর্মসুচিও এই তালিকা তৈরিতে প্রযুক্তিগত ও কারিগরী সহায়তা প্রদান করেছে। ডিজিটাল এই ভোটার তালিকা তৈরিতে ১০,০০০ টি লেপটপ, ডিজিটাল ক্যামেরাএবং ফিঙ্গার প্রিন্ট স্ক্যানারসহ একটি নির্ভুল ভোটার তালিকা প্রণয়ন করতে প্রয়োজনীয় সব আনুষাঙ্গিক দ্রব্যাদি দিয়ে সহযোগিতা করেছে।

নিরীক্ষা দলটির মতে, ‘বাংলাদেশে অনুষ্ঠিত পুর্বের ভোটার তালিকার ডিসেম্বর ২০০৮ এর নির্বাচনের জন্য প্রণীত তালিকাটিতে সর্বদিক থেকে যোগ্য ভোটারদের অন্তর্ভক্ত করা হয়েছে এবং প্রতিটি ভোটারের সম্ভাব্য সবধরণের তথ্যাবলী সর্বোচ্চ নির্ভুলভাবে নিবন্ধিত হয়েছে।

ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জাতিসংঘ দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞদের প্রয়োজন

২৩ ডিসেম্বর- জাতিসংঘ দুর্যোগ ব্যবস্থাপনা দলটি বিশ্বব্যাপী দুর্যোগ সম্পর্কে সরকারসমুহের সচেতনতামুলক প্রশিক্ষণ থেকে উদ্ভুত বর্ধিত দাবি এবং এ বছর চরম আবহাওয়া বিপর্যয়ের কারণে ঘটে যাওয়া হারিকেন, বন্যা এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনার কাজে ব্যস্ত সময় অতিবাহিত করছে।

জাতিসংঘ মানবিকতা বিষয়ক দপ্তর আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় যে, স্পেন এবং সংযুক্ত আরব আমিরাতসহ ৬৭টি দেশ যারা এই কার্যক্রমে অংশ নিয়েছিল তারা এখন জাতিসংঘ দুর্যোগ মুল্যায়ন এবং সমন্বয় ব্যবস্থার অংশ, যা দুর্যোগ সংঘটিত হলে কিভাবে দ্রুত তা মোকাবিলা করা যায় তা নিয়ে কাজ করছে।

জাতিসংঘ মানবিকতা বিষয়ক দপ্তরের জরুরী সেবা বিভাগের প্রধান অর্জুন কাটোচ বলেন, ‘ এর মাধ্যমে দুর্যোগের পর কিভাবে দ্রুত সাড়া দিতে হয় সে ব্যাপারে আন্তর্জাতিক সম্প্রদায়ের মুল্যবান মতামত বিশ্ব দুর্যোগ ব্যবস্থাপকদের জন্য সহজ লভ্য হবে।’

২০০৮ সালে UNDAC দুর্যোগ আক্রান্ত দেশগুলোকে অতি জরুরী ত্রাণ সরবরাহ করে সহায়তা করেছে এবং সংশি-ষ্ট এলাকার ত্রাণ সমন্বয় করেছে- ১০ টি বন্যা ও হারিকেন আক্রান্ত এলাকাসহ ১৬ টি দুর্যোগপূর্ণ এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনা বিষেষজ্ঞদের প্রেরণ করেছে।

UNDAC রাশিয়া Commonwealth of Independent States (CIS) এর দেশগুলোর এবং মধ্যপ্রাচ্যের জন্য দুর্যোগ সচেতনতামুলক প্রশিক্ষণের আয়োজন করেছে এবং আগামী বছর এটি পশ্চিম আফ্রিকা অঞ্চলে প্রশিক্ষণের আয়োজন করবে। UNDAC ব্যবস্থার অর্ন্তভুক্ত সব দেশে এই প্রশিক্ষণ পাবে। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে UNDAC ২০০৪ এর শেষে এবং ২০০৫ এর শুরুতে সুনামি আক্রান্ত দেশে এবং অক্টোবর ২০০৫ সালে ভুমিকম্পের পর পাকিস্তানেসহ, ১৮৩ টি মিশন পরিচালনা করেছে।

** ** *